


মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি কর্তৃক ২৬ ডিসেম্বর ২০২১ তারিখ এ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল এর ওয়েবসাইটে প্রকাশিত সিটিজেনস চার্টার পরিবীক্ষণ করা হয়। পরিবীক্ষণের আলোকে প্রতিবেদন নিম্নরূপ:

পরিবীক্ষণকৃত বিষয়সমূহ:

- অফিসের নামের নিচে ওয়েব ঠিকানা নেই;
- ভিশন ও মিশনসহ অন্যান্য অংশে ক্রমিক ব্যবহার করা হয়নি;
- মন্ত্রণালয়/দপ্তর/সংস্থার জন্য নির্ধারিত ৭ কলাম ছকের পরিবর্তে ৮ কলামের ছক ব্যবহার;
- নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবাকে আলাদা করে দেখানো হয়নি;
- কলাম-৩ এ বর্ণিত সেবা প্রদান পদ্ধতি সঠিকভাবে লিখা হয়নি;
- প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান কলামে শুধু কাগজপত্র উল্লেখ করা হয়েছে কিন্তু প্রাপ্তি স্থান নেই;
- কিছু সেবার ক্ষেত্রে সেবামূল্যের পরিমাণ উল্লেখ থাকলেও জমাদানের পদ্ধতির উল্লেখ নেই;
- নাগরিক/প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশা অংশটি পাওয়া যায়নি;
- অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত তথ্য পাওয়া যায়নি।

সুপারিশ:

- অফিসের নামের নিচে আবশ্যিকভাবে ওয়েব ঠিকানা যুক্ত করতে হবে;
- নির্দেশনা মোতাবেক প্রতিটি অংশে নির্ধারিত ক্রমসংখ্যা ব্যবহার করতে হবে;
- দপ্তর/সংস্থার জন্য নির্ধারিত ৭ কলামের ছক যথাযথভাবে পূরণ করত: সেবা প্রদান প্রতিশ্রুতি প্রস্তুত করতে হবে;
- প্রতিটি সেবাকে (নাগরিক/দাপ্তরিক বা প্রাতিষ্ঠানিক/অভ্যন্তরীণ) আলাদাভাবে উপস্থাপন করতে হবে;
- প্রয়োজনীয় কাগজপত্রের উল্লেখসহ প্রাপ্তি স্থান উল্লেখ করতে হবে;
- সেবামূল্যের পরিমাণ এবং জমাদান পদ্ধতি, কোড, প্রতিষ্ঠান ইত্যাদি উল্লেখ করতে হবে;
- নাগরিকের নিকট প্রত্যাশা অংশটি সংযোজন করতে হবে;
- অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা অংশটি সংযোজন করতে হবে;
- সর্বোপরি, সেবা প্রদান প্রতিশ্রুতি নির্দেশিকা অনুসরণপূর্বক যথাযথভাবে সেবা প্রদান প্রতিশ্রুতি ২০ জানুয়ারি ২০২২ তারিখের মধ্যে হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করতে হবে।



(নূর মোহাম্মদ)

প্রোগ্রামার

ও

সদস্য সচিব

সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি



(মো: আবদুর রহমান)

উপসচিব

ও

সদস্য

সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি


(সুবোল হোস মনি)

অতিরিক্ত সচিব

ও

আহবায়ক

সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি